



স্মারক নং-৫২.০১.৩৮৭৪.০০০.১০.১৩২.২০-০২৭

তারিখ: ০১/০৮/২০২১খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ও জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর মূলশুমারির গণনা কার্যক্রমে এ উপজেলায় তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার পদে অস্থায়ী নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র পাঁচবিবি উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি(টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি মোতাবেক সম্মানী ভাতা পাবেন	১) ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাস হতে হবে তবে স্নাতক উত্তীর্ণদের অন্যান্য যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৪) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তথ্যসংগ্রহকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি মোতাবেক সম্মানী ভাতা পাবেন	১) ন্যূনতম এইচএসসি/সমমানেরপাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৪) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট(bbs.panchbibi.joypurhat.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.joypurhat.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- মূলশুমারির গণনা কার্যক্রমে (অক্টোবর/২০২১ মাসে) প্রতি তথ্যসংগ্রহকারী ০৭(সাত) দিনে মোট ১০০/১২০ (কম/বেশী)খানার তথ্য সংগ্রহ করবেন।
- মূলশুমারির গণনা কার্যক্রমে ট্যাবলেট অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- মূলশুমারির গণনা কার্যক্রমে চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্যকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন পত্রে নিজ ইউনিয়ন/পৌরসভার নাম সহ খামের উপর উল্লেখপূর্বক আগামী ০১/০৮/২০২১ খ্রিঃ হতে ১০/০৮/২০২১খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখেরপর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায়(প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক আবেদন করতে হবে।
- অন্যান্য যোগ্যতা সাপেক্ষে মহিলা বেকার যুবক কিংবা শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে এমন ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- মূলশুমারির গণনা কার্যক্রমে জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্ধেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- আবেদন জমা দেওয়ার সময় প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। সেখানে উল্লেখিত ZOOM অ্যাপের ID ও Passcode ব্যবহার করে নির্ধারিত তারিখ ও সময়ে ZOOM অ্যাপের মাধ্যমে মৌখিক পরীক্ষা অংশ গ্রহণ করতে হবে।
- ইউনিয়ন ভিত্তিক ZOOM অ্যাপের মাধ্যমে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ে অংশগ্রহণে ব্যর্থ হলে আগ্রহী নন বলে গণ্য হবেন।

০১/০৮/২০২১

মোঃ মাহাবুর রহমান প্রধান
উপজেলা পরিসংখ্যান অফিসার

ও

সদস্য -সচিব

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
পাঁচবিবি, জয়পুরহাট